সিলেটে জেলা বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন কমিটির সভা অনুষ্ঠিত

চেম্বার ডেস্ক: সিলেটে জেলা প্রশাসনের আয়োজনে বিনিয়োগ ও ব্যবসায় উন্নয়ন সহায়তা কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার ১২ জুলাই সিলেট সার্কিট হাউস সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির বক্তৃতা করেন বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী সদস্য (অতিরিক্ত সচিব) ড. খন্দকার আজিজুল ইসলাম। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোহাম্মাদ মোবারাক হোসেনের সভাপতিত্বে এতে স্বাগত বক্তব্য প্রদান করেন বিডা‘র পরিচালক (উপসচিব) জুলিয়া যেসমিন মিলি।

সভায় বক্তব্য রাখেন সিলেট চেম্বারের সভাপতি তামিন আহমদ, অতিরিক্ত পুলিশ সুপার মাহফুজা আক্তার শিমুল, সিসিকের সচিব মো: আশিক নূর, সিলেট অনলাইন প্রেসক্লাবের সভাপতি মুহিত চৌধুরী, জেলা প্রেসক্লাবের সভাপতি হাসিনা বেগম চৌধুরী, উইমেন্স চেম্বারের সভাপতি স্বর্ণলতা রায়, সিলেট চেম্বারের পরিচালক ফাহিম চৌধুরী, সিলেট চেম্বারের পর্যটন সাব কমিটির সাব কমিটির চেয়ারম্যান হুমায়ুন কবির লিটন।

বিডা‘র নির্বাহী সদস্য ড. খন্দকার আজিজুল ইসলাম প্রধান অতিথির বক্তব্যে বলেন, প্রত্যক্ষ বৈদেশিক বিনিয়োগ একটি দেশের অর্থনীতিতে যুগান্তকারী পরিবর্তন এনে দিতে পারে। এ বাস্তবতায় বিনিয়োগের প্রধান বাধাগুলো কি তা চিহ্নিত করার উদ্যোগ নিয়েছে সরকার।

একটি প্রবাসী ও নারী বান্ধব এবং দুর্নীতিমুক্ত অর্থনীতি গড়ার আহ্বান জানিয়ে ড. খন্দকার আজিজুল ইসলাম আরো বলেন, পৃথিবীর অনেক দেশেই ছোট ও মাঝারি শিল্পগুলো বড় বড় কোম্পানি থেকে সাবকট্রাক্ট নেয়। এ অর্থে বড় বড় শিল্পের সহায়ক প্রতিষ্ঠান হিসেবে ক্ষুদ্র বা মাঝারি শিল্প গড়ে ওঠে। তাই আমদানি নির্ভরতা কমিয়ে ছোট ও মাঝারি শিল্পকে আরো বিকশিত করে তুলতে হবে। এ শিল্পের বিকাশে কারিগরি শিক্ষার ওপর আরো জোর দেওয়ার কথা বলেন। পাশাপাশি তিনি গণমাধ্যমকর্মীদের অপতথ্য প্রচার রোধ এবং সরকারের

উন্নয়নমূলক কর্মকাণ্ড আরো ভালোভাবে তুলে ধরার আহ্বান জানান ।

বিডা ওয়ান স্টপ সার্ভিসের (ওএসএস) মাধ্যমে ইতিমধ্যে ২৩ ধরনের সেবা প্রদান করছে উল্লেখ করে ড. খন্দকার আজিজুল ইসলাম বলেন, ওয়ান স্টপ সার্ভিসকে আরো বিস্তৃত করার উদ্দেশ্যে ৪৮টি দপ্তর ও সংস্থার সাথে সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষর করা হয়েছে। বিনিয়োগকারীরা যেন সকল প্রকার সেবা বিডার মাধ্যমে একটি প্লাটফর্ম থেকে নিতে পারে সেটাই বিডার মূল উদ্দেশ্য। তিনি উপস্থিতিদের উদ্দেশ্যে সিলেটের বিনিয়োগ উন্নয়ন বিকাশে খাতভিত্তিক প্রস্তাবনা দেওয়ার আহ্বান জানিয়ে বলেন, দেশী-বিদেশী বিনিয়োগ আকর্ষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ উদ্যোগ ‘বিনিয়োগ বিকাশ’ কর্মসূচী বাস্তবায়নের সবাইকে এগিয়ে আসতে হবে।